আজকের কাগজ

তারিখ 13 OCT 1993
পৃষ্ঠা ৮ কলাম ৩

### ছাত্রদল-শিবিরের সম্ভাব্য সংঘর্ষের আশংকা

# ইসলামী বিশ্ববিদ্যালয়ে ১৪৪ ধারা জারি

ইসলামী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আজ একই স্থানে জাতীয়তাবাদী ছাত্রদল এবং ইসলামী ছাত্র শিবির সভা আহবান করায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সম্ভাব্য বিশৃংখলা এড়াতে সেখানে ১৪৪ ধারা জারি করেছে। গতকাল সরকারি সূত্রে জানা গেছে, বিশ্ববিদ্যালয়ের প্রধান গেটে আজ বিকেল ৪টায় ছাত্রদল এবং ছাত্র শিবির সভা আহবান করায় সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে কর্তৃপক্ষ সেখানে ১৪৪ ধারা জারি করে।

সূত্রটি জানায়, একই স্থানে এবং একই সময়ে ঐ দু'টি ছাত্র সংগঠন সভা আহবান করায় এলাকায় উত্তেজনা বিরাজ করছে। তথ্য সূত্রঃ ইউএনবি।